**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 03–06–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**(১) অষ্টাদশ লোকসভা নির্বাচনের ভোট গণনা আগামীকাল । রাজ্যেও দুটি লোকসভা আসনে ও ১টি বিধানসভা আসনের উপনির্বাচনের ভোট গণনার প্রস্তুতি চূড়ান্ত ।**

**(২) রাজ্য নির্বাচন কমিশন আসন্ন ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য ভোট কেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ করেছে ।**

**(৩) ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফলাফল আজ প্রকাশিত হয়েছে ।**

**(৪) রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সদরের আন্ত: স্কুল মেয়েদের টি–২০ ক্রিকেট প্রতিযোগিতার আজ দুটি খেলা হয় ।**

**************************

**Counting-National :**

দেশজুড়ে আগামীকাল লোকসভা নির্বাচনের ভোট গণনার জন্য সমস্ত ব্যবস্থা চূড়ান্ত। অন্ধ্রপ্রদেশ ও ওড়িশার বিধানসভা নির্বাচনের গণনাও আগামীকালই করা হবে। সকাল ৮টা থেকে গণনা শুরু হবে। নির্বাচন কমিশন জানিয়েছে যে গণনার প্রবণতা এবং

ফলাফল ECI ওয়েবসাইট, results.eci.gov.in- এর পাশাপাশি ভোটার হেল্পলাইন অ্যাপে পাওয়া যাবে। ভোটার হেল্পলাইন অ্যাপটি গুগল প্লে স্টোর বা অ্যাপল প্লে স্টোর থেকে ডাউনলোড করা যাবে।

মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার বলেছেন যে ৬৪ কোটি ২০ লক্ষ ভোটার লোকসভা নির্বাচনে অংশ নেয়ায়, ভারত বিশ্ব রেকর্ড সৃষ্টি করেছে। আজ নতুনদিল্লিতে শ্রী কুমার সংবাদ মাধ্যমকে বলেছেন যে সংখ্যাটি সমস্ত G7 দেশের দেড় গুণ। তিনি বলেন, এই লোকসভা নির্বাচনে ৩১ কোটি ২০ লক্ষ নারী ভোটার ভোট দিয়েছেন, যা বিশ্বের সর্বকালের সর্বোচ্চ।

মুখ্য নির্বাচন কমিশনার বলেন, গণনা কেন্দ্রে কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনীর তিন স্তরের নিরাপত্তা ব্যবস্থা করা হয়েছে। তিনি বলেন, প্রতিটি গণনা টেবিলে মাইক্রো পর্যবেক্ষকসহ গণনা কেন্দ্রে সর্বক্ষণ সিসিটিভির ব্যবস্থা রয়েছে।

****************************

**Vote Counting :**

সারা দেশের সঙ্গে আগামীকাল রাজ্যের দু'টি সংসদীয় ক্ষেত্রের এবং রামনগর বিধানসভা ক্ষেত্রের উপনির্বাচনের ভোট গণনা করা হবে। রাজ্যের মোট ২০টি স্থানে সকাল ৮টা থেকে ভোটগণনা শুরু হবে। ৬০টি বিধানসভা ক্ষেত্রের অতিরিক্ত রিটার্নিং অফিসারের তত্বাবধানে গণনা প্রক্রিয়া সম্পন্ন হবে। প্রতিটি গণনাকেন্দ্র ৮ থেকে ১৪টি টেবিলে ভোট গণনা করা হবে। প্রতিটি বিধানসভা ক্ষেত্রের এআরও'র টেবিলে পাঁচটি করে ভিভিপ্যাট গণনা করা হবে। সুষ্ঠুভাবে গণনা পর্যবেক্ষণের জন্য ৬০টি

বিধানসভা ক্ষেত্রের জন্য মোট ৩০ জন গণনা পর্যবেক্ষক নিযুক্ত করা হয়েছে এবং রামনগর বিধানসভা ক্ষেত্রের উপনির্বাচনের ভোট গণনার জন্য ১ জন গণনা পর্যবেক্ষক মিলিয়ে মোট ৩১ জন গণনা পর্যবেক্ষক নিযুক্ত করা হয়েছে। প্রতিটি গণনা কেন্দ্রে ত্রিস্তরীয় নিরাপত্তা বলয় তৈরী করা হয়েছে। তাছাড়া প্রতিটি কেন্দ্রে থাকবে সি সি টিভি ক্যামেরা। প্রতি রাউন্ডে গনণা শেষে মাইকের মাধ্যমে ফলাফল ঘোষনা করা হবে।

*****************************

**CEO office counting :**

অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারীক উষাজেন মগ আজ জানিয়েছেন, আগামীকাল রাজ্যে লোকসভার দুটি আসন ও রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের ভোট গননায় প্রথমেই পোষ্টাল ব্যালেট ভোট গণনা হবে। সকাল ৮টা থেকে শুরু হবে পোষ্টাল ব্যালেট ভোট গণনা। এরপর সকাল সাড়ে ৮টা থেকে ইভিএম-এর ভোট গননা শুরু করা হবে। আগামীকাল দুপুর সাড়ে ১২টার মধ্যে দুই কেন্দ্রের ভোট গণনার কাজ শেষ হতে পারে বলে তিনি জানিয়েছেন।

***************************

**Post Election security :**

এআইজি (আইন শৃঙ্খলা) জ্যোতিষ্মান দাস চৌধুরী জানিয়েছেন, রাজ্যের সমস্ত ভোট গণনা কেন্দ্রগুলিতে ত্রিস্তরীয় নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। এছাড়া সারা রাজ্যে নির্বাচনোত্তর পরিস্থিতি মোকাবেলায় ১৬ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এবং প্রায় নয় হাজার টি এস আর মোতায়েন করা হয়েছে। নির্বাচনের পর ভোট গণনার

পর সারা রাজ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি শান্তিপূর্ণ রাখতে এই বাহিনী মোতায়েন করা হয়েছে বলে জানান তিনি।

****************************

**Panchayat Election :**

রাজ্য নির্বাচন কমিশন আসন্ন ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য ভোট কেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ করেছে। চূড়ান্ত তালিকায় মোট ভোট কেন্দ্রের সংখ্যা হল ২ হাজার ৬৫০টি। উত্তর জেলায় ৪টি ব্লকে মোট ভোট কেন্দ্র ৩৪৭টি, ঊনকোটি জেলার ৩টি ব্লকে ভোট কেন্দ্র ২৩৪টি, ধলাই জেলার ৩টি ব্লকে ১৬৮টি, খোয়াই জেলার ৩টি ব্লকে ২৪২টি, পশ্চিম জেলার ৫টি ব্লকে ৪৫১টি, সিপাহীজলা জেলার ৬টি ব্লকে ৫৩৭টি, গোমতি জেলায় ৪টি ব্লকে ২৭৯টি ও দক্ষিণ জেলায় ৭টি ব্লকে মোট ভোট কেন্দ্রের সংখ্যা ৩৯২টি।

****************************

**Joint Entrance Result :**

ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফলাফল আজ প্রকাশিত হয়েছে। পি.সি.এম গ্রুপে প্রথম হয়েছে আয়ুস্কর নাথ, দ্বিতীয়-সাগ্নিক পুরকায়স্থ ও তৃতীয়-পার্থ সারথী রায়। পি.সি.বি গ্রুপে প্রথম স্থান অধিকার করেছে সায়ন মজুমদার, দ্বিতীয়-তিলোত্তমা ঘোষ, তৃতীয় মুকথাং দেববর্মা। জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক রাজা চক্রবর্তী এখবর জানান। তিনি জানান, এবছর জয়েন্ট এন্ট্রান্স বোর্ড পরীক্ষায় বসেছিল পি.সি.এম গ্রুপে ২ হাজার ২৬৮ জন ও পি.সি.বি গ্রুপে ৪ হাজার ৮৬৮ জন।

****************************

**Lok Nirnoy-2024 :**

আকাশবাণীর সংবাদ সেবা বিভাগ আগামীকাল লোকসভা ও বিধানসভা আসনের নির্বাচনের ফলাফল প্রকাশের জন্য "লোক নির্ণয়-২০২৪" নামে ১৫ ঘন্টা ব্যাপী একটানা দ্বি-ভাষিক অনুষ্ঠান প্রচার করবে। সকাল ৭টা থেকে রাত ১০টা পর্যন্ত এই সম্প্রচার চলবে। এই অনুষ্ঠান আকাশবাণী গোল্ড সহ আকাশবাণীর অন্যান্য চ্যানেল ও ডিজিট্যাল প্ল্যাটফর্মে শোনা যাবে। দুরদর্শনও নির্বাচনী ফলাফল জানানোর জন্য ব্যাপক উদ্যোগ নিয়েছে। প্রসার ভারতীর সি.ই.ও গৌরব দ্বিবেদী জানান, দূরদর্শন দিল্লির বিজয় চক থেকে সভায় ৬টায় বিশেষ অনুষ্ঠান শুরু করবে।

************************

**Special Bulletin :**

আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে আগামীকাল লোকসভা নির্বাচনের ভোট গননার ফলাফল সংক্রান্ত বিশেষ নির্বাচনী সংবাদ প্রচারিত হবে। সকাল ৯টা থেকে রাত ৯টা ৫ মিনিট পর্যন্ত প্রতি ঘন্টায় বাংলা ও ককবরকে এই বিশেষ বুলেটিন প্রচারিত হবে।

এছাড়াও বিশেষ নির্বাচনী ফলাফলের উপর বিশেষ আলোচনা অনুষ্ঠিত হবে দুপুর ১২টা ৫ মিনিট এবং রাত ৮টা ১৫ মিনিট থেকে।

আগামীকাল রাতের নিয়মিত ককবরক ও বাংলা সংবাদ হবে ১৫ মিনিটের।

****************************

**Central Observers Visit :**

রাজধানী আগরতলার উমাকান্ত একাডেমী গণনা কেন্দ্রে গণনা প্রক্রিয়া সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য প্রস্তুতি চূড়ান্ত। নিরাপত্তা থেকে শুরু করে যাবতীয় যন্ত্রপাতি এবং গণনার কাজে ব্যবহৃত সামগ্রী ইতিমধ্যেই কাউন্টিং হলে পৌঁছে গেছে। পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের সাধারণ পর্যবেক্ষক বিবেক এল ভিমানোয়ার গণনার প্রস্তুতি খতিয়ে দেখতে আজ উমাকান্ত একাডেমির গণনা কেন্দ্র পরিদর্শন করেন। পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের রিটার্নিং অফিসার এবং পশ্চিম জেলার জেলাশাসক ডাঃ বিশাল কুমার তার সঙ্গে ছিলেন। গননা কেন্দ্রের প্রস্তুতি দেখে সন্তোষ ব্যক্ত করেন।

****************************

**Counting-Unakoti :**

ঊনকোটি জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা আজ কৈলাশহরে তাঁর দপ্তরে এক সাংবাদিক সম্মেলনে জেলার ভোট গণনার বিষয়ে আলোকপাত করেন। তিনি বলেন জেলার কৈলাশহরের রাধাকিশোর ইনষ্টিটিউশন গননা কেন্দ্রে থাকবে চারটি গননা হল। প্রতিটি হলে থাকছে বারোটি করে গননা টেবিল।

তিনি জানান, ভোটগণনার কাজে জেলায় মোট 60 জন মাইক্রো-অবজারভার, 60 জন কাউন্টিং সুপারভাইজার ও 60 জন কাউন্টিং এসিষ্টেন্ট নিয়োগ করা হয়েছে। গননা কেন্দ্রে থাকবে ত্রি-স্তরীয় নিরাপত্তা ব্যবস্থা।

আজকের সাংবাদিক সম্মেলনে বরিষ্ঠ উপ-সমাহর্তা বিজয় সিনহা, পুলিশ প্রশাসনের D.S.P হিমগ্ন চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন।

*****************************

**COUNTING-North :**

লোকসভার ভোট গণনা উপলক্ষ্যে গোটা উত্তর ত্রিপুরা জেলায় ১৪৪ ধারা জারি করা হয়েছে। আজ সন্ধ্যা ছয়টা থেকে ৫ই জুন সন্ধ্যা ছয়টা পর্যন্ত ১৪৪ ধারা বলবৎ থাকবে। জেলা শাসক দেবপ্রিয় বর্ধন এখবর জানিয়েছেন।

উত্তর জেলার ধর্মনগর বীর বিক্রম ইনস্টিটিউশনে চারটি গণনা কেন্দ্রে  চারটি বিধানসভা কেন্দ্রের ভোট গণনা হবে। গণনা কেন্দ্রের ১০০ মিটারের মধ্যে ত্রি-স্তরীয় নিরাপত্তার দায়িত্বে থাকবে সিআরপিএফ, টিএসআর ও পুলিশ।

********************************

**Counting-Sepahijala :**

লোকসভা নির্বাচনের ভোট গণনা সুষ্ঠু ভাবে সম্পাদন করার লক্ষে আজ সন্ধ্যে ৬ টা থেকে আগামী ৫ তারিখ সকাল ৬ পর্যন্ত সিপাহীজলা জেলায় ১৪৪ধারা জারি করা হয়েছে। জেলাশাসক নাগেশ কুমার বি সাংবাদিকদের জানান, ভোট গণনাকে কেন্দ্র করে জেলার অন্তর্গত সীমান্ত এলাকার নিরাপত্তা ব্যাবস্থাআঁটোসাঁটো করা হয়েছে। তিনি বলেন গোটা জেলার ৩টি গণনা কেন্দ্রের ৯টি বিধানসভা ক্ষেত্রের গণনা প্রক্রিয়া পর্যবেক্ষণের জন্য ইতিমধ্যেই নিয়োজিত হয়ে গেছেন ৫ জন পর্যবেক্ষক। তাছাড়া গোটা গণনা প্রক্রিয়াটির করা ভিডিওগ্রফি, থাকবে সিসি ক্যামেরাও। গণনাকে সুচারু রূপে পরিচালনার জন্য জেলার

অন্তর্গত সকল রাজনৈতিক দলগুলির সহযোগিতা কামনা করেন তিনি।

**************************

**Counting, South :**

রাজ্যের লোকসভার দুইটি আসনে দক্ষিণ জেলার ৭টি বিধানসভা কেন্দ্র রয়েছে। আগামীকাল বিলোনিয়া, রাজনগর ও ঋষ্যমুখ বিধানসভা কেন্দ্রের ভোটগননা হবে বিলোনিয়ায়। শান্তিরবাজার ও জোলাইবাড়ি বিধানসভা কেন্দ্রের ভোটগননা হবে শান্তিরবাজারে, মনুবাজার ও সাব্রুম বিধানসভা কেন্দ্রের ভোটগননা হবে সাব্রুমে। তিনটি গননাকেন্দ্রেই শুধুমাত্র ইভিএম' র গননা হবে বলে জানান দক্ষিণ জেলার জেলা শাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল। আজ বিলোনিয়া সার্কিট হাউসে সাংবাদিকদের জেলা শাসক আরও জানান, ভোটগননা শান্তিপূর্ণ রাখতে আগামী ৭ই জুন সকাল ৮টা পর্যন্ত জেলায় ১৪৪ ধারা জারি থাকবে। ভোট গননাকে ঘিরে অশান্তি এড়াতে জেলার স্পর্শকাতর এলাকাগুলিতে ফ্ল্যাগমার্চ ও টহলদারি চালানো হচ্ছে। শান্তি শৃংখলা রক্ষার জন্য অতিরিক্ত কেন্দ্রীয় বাহিনীও এসেছে।

জেলার অতিরিক্ত পুলিশ সুপার মৌর্য কৃষ্ণ চন্দ্রশেখর জানান গননাকেন্দ্রগুলিতে ত্রি-স্তরীয় নিরাপত্তার ব্যবস্হা করা হয়েছে। তিনি জানান, ৭ই জুন থেকে রাজনৈতিক দলগুলি পুলিশের অনুমতি নিয়ে বিজয় উৎসব করতে পারবে বলেও জানান তিনি।

এদিকে, গননাকেন্দ্রের খবর সংগ্রহ করার ক্ষেত্রে নানা বিধিনিষেধ সম্পর্কে সাংবাদিকদের অবগত করতে আজ শান্তিরবাজার মহকুমা শাসকের অফিসের কনফারেন্স হলে সাংবাদিকদের নিয়ে এক

সভা অনুষ্ঠিত হয়।

ডিসিএম অমিত কুমার কর্মকার ও মিডিয়া সেন্টারের ইনচার্জ ডিসিএম পবিত্র দাস প্রমুখ আলোচনা করেন।

*****************************

**All Party Meeting-Belonia :**

দক্ষিণ জেলার জেলা শাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল ভোটগননা কেন্দ্রে এবং গণনা পরবর্তী সময়ে সর্বত্র শান্তি শৃংখলা বজায় রাখতে রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের প্রতি আবেদন জানিয়েছেন। আজ বিলোনিয়া সার্কিট হাউসে বিভিন্ন রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের সঙ্গে অনুষ্ঠিত বৈঠকে এই আবেদন জানান তিনি। সভায় দক্ষিণ জেলার পুলিশ সুপার অশোক কুমার সিনহা, অতিরিক্ত জেলা শাসক সুব্রত রিয়াং, অতিরিক্ত পুলিশ সুপার মৌর্য কৃষ্ণ চন্দ্রশেখর, বিলোনিয়ার মহকুমা শাসক রিংকু লেথার এবং সিপিআইএম, কংগ্রেস ও বিজেপি সহ অনান্য রাজনৈতিক দলের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

*******************************

**Petrol Dieseal :**

লামডিং-আগরতলা নিয়মিতভাবে ট্রেন চলাচল করছে। আগরতলায় ইন্ডিয়ান ওয়েল কর্পোরেশন লিমিটেডের ষ্টেট লেভেল কোর্ডিনেটর প্রমিত ধর জানিয়েছেন, ৬৭১ কিলোলিটার পেট্রোল ও ৯০০ কিলোলিটার ডিজেল নিয়ে একটি পণ্যবাহী রেল গতকাল ধর্মনগরে এসে পৌঁছেছে।

********************************

**Counting-CPIM :**

আগামীকাল ভোট গণনা শান্তিপূর্ণ এবং নির্বিঘ্নে সম্পন্ন করতে দাবি জানিয়েছে সিপিআইএম সম্পাদক মন্ডলী। আজ সিপিআইএমের রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরীর নেতৃত্বে এক প্রতিনিধিদল রাজ্য নির্বাচন আধিকারিকের সঙ্গে সাক্ষাৎ করে এই দাবি জানান। ভোট গণনা কেন্দ্রে যথাযথ নিরাপত্তার ব্যবস্থা করা সহ বিরোধী রাজনৈতিক দলের গণনা কেন্দ্রে কর্তব্যরত এজেন্টদের গণনা কেন্দ্রে যাওয়া এবং আসা নিশ্চিত করতে দাবি জানানো হয়। প্রতিনিধি দলে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রাজ্য বামফ্রন্ট কমিটির আহ্বায়ক নারায়ন কর, সি আই টি ইউ রাজ্য সভাপতি মানিক দে প্রমুখ।

***************************

**BJP :**

প্রদেশ বিজেপি কার্যালয়ে আজ election management কমিটির এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে আগামীকাল লোকসভা নির্বাচনের গণনা সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। পাশাপাশি গণনা ও গণনা পরবর্তী সময়ে শান্তি শৃঙ্খলা বজায় রাখার ওপরও বৈঠকে জোর দেওয়া হয়। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, বিজেপি প্রদেশ সহ সভাপতি তাপস ভট্টাচার্য সহ অন্যান্য কার্যকর্তারা। তাছাড়া বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য আজ ভার্চুয়াল মাধ্যমে পশ্চিম ত্রিপুরা লোকসভা আসন ও পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের কাউন্টিং এজেন্টদের সঙ্গে বৈঠক করেন।

***************************

**Girls' T-20 Cricket :**

রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সদরের আন্ত: স্কুল মেয়েদের টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার আজ দুটি খেলা হয়। পুলিশ ট্রেণিং একাডেমি মাঠে সকালের খেলায় প্রণবানন্দ বিদ্যাভবন ৮ উইকেটে বিদ্যাসাগর স্কুলকে পরাজিত করে। একই মাঠে প্রাচ্যভারতী স্কুল ও বড়দোয়ালী স্কুলের খেলাটি বৃষ্টিতে পরিত্যক্ত হয়। এছাড়া নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে অপর খেলায় আসাম রাইফেলস পাব্লিক স্কুল ৬৫ রানে ভবনস ত্রিপুরা বিদ্যামন্দিরকে হারিয়ে দেয়।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় 30 থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া উত্তর জেলা, ঊনকোটি, ধলাই, খোয়াই এবং পশ্চিম জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সর্তকতা ও জারি করা হয়েছে। দুই এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬.৪ ডিগ্রী এবং সর্বনিম্ন ২৮.২ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে আটটা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত আগরতলার বিমানবন্দর এলাকায় বৃষ্টি হয়েছে ৩.৫ মিলিমিটার।

****************************